

৪ বর্ষ ৩৯ সংখ্যা ১৫ ফেব্রুয়ারি ২০০২/৩ ফাল্গুন ১৪০৮

মানব-মানবীর পরস্পরের প্রতি আকর্ষণ চিরন্তন, শাশ্বত। রহস্যাবৃত এ আকর্ষণ ধরণীর সভ্যতাকে করেছে উদ্ঘাটিত। প্রেমের দুর্নিবার আকর্ষণের টানে অবিরাম মানুষ ছুটেছে। কেউ রাজ্য আক্রমণ করেছে, ইমারত নির্মাণ করেছে, কেউবা সেজেছে বিপ্লবী, কবি। প্রেম এক যুক্তিহীন আবেগ। নৃতাত্ত্বিক গবেষকেরাও বলতে পারবেন না কবে প্রেম-ভালোবাসার জন্ম। সেই আদিম গুহাবাসী থেকে আজকের তরুণের প্রত্যেকের অভিজ্ঞতা যেন অভিনব, একক।

পারস্পরিক ভালোবাসার শুদ্ধতম প্রকাশের নাম প্রেম। একটি বাক্য কিংবা মহাকাব্য জুড়েও প্রেমের ব্যাপ্তি বাঁধা সম্ভব নয়। প্রেম সর্বত্র, সার্বজনীন। রূপসী বাংলা তো ভালোবাসার দেশ। এদেশের কাব্য পুরাণ, কবিতায় প্রেমের জয়গান গাওয়া হয়েছে। যুগের পরিবর্তনে প্রেম প্রকাশের মাধ্যমের পরিবর্তন হয়েছে। অথচ আকর্ষণ একটুও কমেনি। আধুনিক প্রযুক্তির টেলিফোন, মোবাইল যেন ভালোবাসার দুর্দমনীয় আকর্ষণকে আরো গতি এনে দিয়েছে।

সন্ত ভ্যালেন্টাইন মধ্যযুগে যে ঐতিহ্যের উত্তরাধিকার আমাদের দিয়ে গিয়েছিল সেই ঐতিহ্য বিশ্বব্যাপী আবার পুনরুজ্জীবন লাভ করেছে। ছড়িয়ে পড়েছে মুক্ত আকাশে। মানুষের মহত্বের অনুভূতিকে সাপ্তাহিক ২০০০ সব সময় সম্মান করে আসছে। এ কারণে ভ্যালেন্টাইন ডে'তে আয়োজন করেছে ভালোবাসার সম্ভার। টেলিফোনে ভালোবাসার গল্প। পাঠকের সাড়ায় আমরা অভিভূত। এজন্য ২০টি গল্পের পরিবর্তে ৭৫টি নির্বাচিত গল্প প্রকাশ করছি। ভালোবাসার এই দিনে আশা করছি বিষ্ফুর্ত ও রক্তাক্ত আমাদের সমাজ ভালোবাসার আবেগে স্নাত হোক। অপরকে ভালোবাসা উপহার দিন। জয় হোক ভালোবাসার।

সবাইকে ভালোবাসা দিনের শুভেচ্ছা।

